**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(উন্নয়ন-৩ শাখা)
www.shed.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নম্বর: ৩৭.০০.০০০০.০৮৩.১১.০০৩.২৪-২০

তারিখ: ৮ মাঘ ১৪৩২ / ২২ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২২/০৭/২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৭৬৪.২০২৫-১৪৫ নং স্মারকের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ০২ নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে (গ্রেড-৯) নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তাকে সরকার/নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ শেষে তাকে সরকার/ নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পেশাগত ও অন্যান্য প্রশিক্ষণ এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;

(গ) তাকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক,খ ও গ)-এ উল্লিখিত প্রশিক্ষণ ও নির্ধারিত পরীক্ষা সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে প্রযোজ্য শর্ত সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা যাবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক ও খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদাতাসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি যদি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(চ) চাকরি হতে ইস্তফা দেওয়ার ক্ষেত্রে, তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) নিয়োগ পরবর্তী কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তার ক্ষেত্রে এ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবে;

(জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তার এবং তার পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় হতে ০১ (এক) মাসের মধ্যে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বরাবর জমা দিতে হবে এবং তা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সংরক্ষণ করতে হবে;

(ঝ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ থাকেন তবে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানকালে তাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা তার পরিবারের অন্যান্য সদস্যের জন্য কোন যৌতুক গ্রহণ করবেন না এবং কোন যৌতুক প্রদান করবেন না;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রযোজ্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে; এবং

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। ০১ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে তাকে আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ (১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ) পূর্বাহ্ণে স্ব-শরীরে উপস্থিত হয়ে নিম্নোক্ত ছকে উল্লিখিত পদে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে সংশ্লিষ্ট প্রার্থী চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং নিয়োগাদেশে তার জন্য প্রযোজ্য অংশটুকু বাতিল বলে গণ্য হবে।

| ক্রমিক | নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রেজিস্ট্রেশন নম্বর | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ০১ | নব চৌধুরী<br>পিতার নাম: সুশান্ত চৌধুরী<br>গ্রাম/শহর: কৌয়া<br>ডাকঘর: ফতেপুর (৩০২০)<br>উপজেলা: বিশ্বম্ভরপুর<br>জেলা: সুনামগঞ্জ<br>রেজিস্ট্রেশন নম্বর: ০০৪৮১৭ | সহকারী প্রোগ্রামার<br>প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ০২ | মোঃ রুহুল আমিন<br>পিতার নাম: মো: আকবার হোসেন<br>গ্রাম/শহর: খানপুরা নতুন পাড়া<br>ডাকঘর: খানপুরা বাজার (৬৬৮৩)<br>উপজেলা: বেড়া<br>জেলা: পাবনা<br>রেজিস্ট্রেশন নম্বর: ০০১৬৩২ | সহকারী প্রোগ্রামার<br>প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ০৩ | কাজী গোলাম কিবরিয়া<br>পিতার নাম: কাজী ওয়াজেদ আলী<br>গ্রাম/শহর: জগতলা<br>ডাকঘর: লাউহাটি (১৯১৫)<br>উপজেলা: নাগরপুর<br>জেলা: টাঙ্গাইল<br>রেজিস্ট্রেশন নম্বর: ০০২৬৫০ | সহকারী প্রোগ্রামার<br>প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫/০১/২০২৬


এ এস এম শাহরিয়ার জাহান
উপসচিব
ফোন: ০২৫৫১০১১০৪
ই-মেইল : ds_dev3@moedu.gov.bd


নম্বর : ৩৭.০০.০০০০.০৮৩.১১.০০৩.২৪-২০/১(১৫)

তারিখ : ৮ মাঘ ১৪৩২ / ২২ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৫। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে মুদ্রিত প্রজ্ঞাপনের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
০৭। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। জনাব ......................................................................।
১৩। অফিস কপি।